

# জোকোর পড়ুয়াদের ফের করোনা পরীক্ষা পুরসভার

নিজস্ব সংবাদদাতা

জোকোর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টে (আইআইএম) সংক্রমিত পড়ুয়াদের করোনা পরীক্ষার জন্য রবিবার ফের নমুনা সংগ্রহ করা হয়েছে। কলকাতা পুরসভা সূত্রের খবর, জোকা আইআইএমের প্রায় ১০ জন পড়ুয়ার আরটি-পিসিআর পরীক্ষার জন্য পুরসভার ল্যাব টেকনিশিয়ানরা এ দিন ক্যাম্পাসে গিয়ে নমুনা সংগ্রহ করেন।

পুরসভার স্বাস্থ্য দফতরের এক অধিকারিক জানান, ওই নমুনা পরীক্ষার ফল দুদিনের মধ্যেই জানানো হবে। এ দিন পুরসভার স্বাস্থ্য দফতরের পরিসংখ্যান অনুযায়ী, শনিবার নতুন করে ওই প্রতিষ্ঠানের মাত্র এক জন পড়ুয়াই সংক্রমিত হয়েছেন।

আইআইএম জোকোর ডিন অব স্টুডেন্টস মণীশ ঠাকুর জানান, প্রতিষ্ঠানের যে ২৬ জন পড়ুয়া সংক্রমিত হয়েছেন, তাঁদের ইতিমধ্যেই সম্পূর্ণ আইসোলেশনে রাখা হয়েছে। তাঁদের করোনার মূল লক্ষণ রয়েছে।

মণীশ জানিয়েছেন, ৭৬ জন পড়ুয়াকে নিয়ে বর্তমানে সেখানে এখন একটিই ক্লাস চলছে। তবে সেটিও আজ, সোমবার থেকে অনলাইনে হওয়ার কথা। পড়ুয়ারা সে ক্ষেত্রে ক্যাম্পাসে নিজেদের ঘর থেকে অনলাইন ক্লাস করতে পারবেন। বাকি ক্লাসগুলি এখন গরমের ছুটির জন্য বন্ধ রয়েছে। মণীশ বলেন, "আতঙ্কের কোনও কারণ নেই। সব ধরনের সতর্কতা অবলম্বন করা হয়েছে। শুক্রবার কলকাতা পুরসভার তরফে মোবাইল করোনা টেস্টিং ভ্যান পাঠানো হয়েছিল। ক্যাম্পাসে সব মিলিয়ে ১০ জনের করোনা পরীক্ষা করা হয়েছে। তাঁদের কারও কোনও রকম লক্ষণ না থাকলেও অতিরিক্ত সতর্কতা হিসাবে এই পরীক্ষা করাণো হয়েছে।"

শনিবার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছিলেন, বাড়তি সতর্কতা হিসাবে আইআইএম জোকোর পড়ুয়াদের তিন দিন অন্তর করোনা পরীক্ষা করানো হবে। সেই মতো পুরসভার তরফে আক্রান্তদের নিয়মিত করোনা পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। পূর স্বাস্থ্য দফতর সূত্রের খবর, বিভিন্ন রাজ্য থেকে ভর্তি হতে আসা প্রথম বর্ষের পড়ুয়ারাই আক্রান্ত হয়েছেন। তবে প্রত্যেকেই উপসর্গহীন।

কলকাতা পুরসভার ১৬ নম্বর বরোর চেয়ারম্যান সুদীপ পোন্ডে বলেন, "জোকা আইআইএম কর্তৃপক্ষের সঙ্গে পুরসভার স্বাস্থ্য বিভাগ নিয়মিত যোগাযোগ রাখছে। ওখানকার পড়ুয়ারা ক্যাম্পাস থেকে যাতে বাইরে না বেরোন, সে বিষয়ে কঠোর ভাবে নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশ মানা হচ্ছে কি না, সে বিষয়ে পুরসভা নজর রাখছে। তবে পুরসভার নির্দেশ পড়ুয়ারা মানছেন। বাড়তি সচেতনতা হিসাবে ওখানকার গ্রুপ ডি কর্মীদেরও করোনা পরীক্ষা করাচ্ছে পুরসভা।"

পূর স্বাস্থ্য দফতরের এক শীর্ষ অধিকারিকের কথায়, "শুক্রবার পর্যন্ত গত কয়েক দিনে একসঙ্গে সংক্রমিতের সংখ্যা বাড়লেও শনিবার এক জনই আক্রান্ত হয়েছেন। ওখানে করোনা যাতে আর না ছড়ায়, সে বিষয়ে পুরসভা সতর্ক রয়েছে।" পূর স্বাস্থ্য অধিকারিকরা জানাচ্ছেন, আক্রান্তরা তিন রাজ্য থেকে এসেছিলেন। তাই বাইরে থেকে যারা শহরের শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে আসছেন, তাঁদের বাড়তি সতর্কতা নিতে বলা হয়েছে।